দৈনিক ইনকিলাব

তারিখ 21 DEC 2002
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ব্রিটিশ বিশ্ববিদ্যালয়ে গমনেচ্ছু ছাত্র-ছাত্রীদের জ্ঞাতব্য

**প্রেস বিজ্ঞপ্তি :** যে সকল ছাত্র-ছাত্রী আগামী জানুয়ারী/ফেব্রুয়ারী-২০০৩ সেশনের জন্য ব্রিটেনের 'স্টুডেন্ট ভিসা' পেয়েছেন এবং শিগগিরই বাংলাদেশ ছেড়ে যাবার পরিকল্পনা করছেন, তাদের জন্য ব্রিটিশ কাউন্সিল এডুকেশন প্রমোশন এন্ড মার্কেটিং সার্ভিসেস ইউনিট, বাংলাদেশ এক যাত্রা-পূর্ব তথ্য জ্ঞাপন অনুষ্ঠানের আয়োজন করেছে। যে সকল ছাত্র-ছাত্রী 'স্টুডেন্ট ভিসা'র জন্য আবেদন করছেন তারাও এই অনুষ্ঠানে যোগ দিতে পারেন। তথ্য জ্ঞাপন অনুষ্ঠানটি ৫ ফুলার রোড, ঢাকায় অবস্থিত ব্রিটিশ কাউন্সিল মিলনায়তনে মঙ্গলবার (৩১ ডিসেম্বর ২০০২) দুপুর ৩টায় অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে যারা যোগ দিতে ইচ্ছুক, তাদের আগামী রবিবার ২৯ ডিসেম্বরের মধ্যে ব্রিটিশ কাউন্সিলে ম্যাক্স পিনারু, ব্রিটিশ কাউন্সিল, ৫ ফুলার রোড, ঢাকা-১০০০ এই ঠিকানায় ফোন : ৮৬১৮৯০৫-৭ নাম্বারে যোগাযোগ করে ছাত্র-ছাত্রীদের নাম তালিকাভুক্ত করতে হবে। রেজিস্ট্রেশন ফি ৫০ টাকা।